

পৃথিবীর গান, মানুষের গান-১

রচনা ও পরিবেশনাঃ খন্দকার জাহিদ হাসান

একদিন এই পৃথিবী বড় সুন্দর হবে
একদিন এই বিশ্ব সবার-ই হবে ॥

বৃষ্টির রাত্রি এবং রোদেলা দিন
চন্দ্র-সূর্য-তারা সবার-ই হবে ॥

মন মাতানো কাকলি, দু'চোখ জুড়ানো ফুল
নদী-মরু-পাহাড় সবার-ই হবে ॥

স্নেহ-প্রীতি-মমতা ভালবাসা অপার
সেবা-যত্ন-সম্মান সকলেই পাবে ॥

গোলাভরা ফসল, পুকুরভরা মাছ
শান্তিময় সুখের নীড় সবার-ই হবে ॥

সুস্থ ঋজু দেহ এবং সুন্দর মন
শত বর্ষ আয়ু সবার-ই হবে ॥

সিডনী,
নভেম্বর, ২০০৮।